সাভারে ময়লা-আবর্জনা থেকে নারীর খণ্ডিত লাশ উদ্ধার

সাভারের বলিয়াপুর এলাকায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ময়লা- আবর্জনা ফেলার ডাম্পিং জোন থেকে অজ্ঞাতনামা নারীর খণ্ডিত লাশ উদ্ধার করেছে পুলিশ।

সোমবার দুপুরে সাভারের মডেল থানা পুলিশ ওই নারীর মরদেহ উদ্ধার করে।

ঢাকা জেলার অতিরিক্ত পুলিশ সুপার (অপরাধ) সাইদুর রহমান জানান, পরিচ্ছন্ন কর্মীরা ময়লা-আবর্জনার ভেতরে নারীর খণ্ডিত লাশ দেখে সাভার থানা পুলিশকে খবর দেয়। মরদেহটি থেকে মাথা ও হাত-পা বিচ্ছিন্ন করা। পুলিশ পরে ঘটনাস্থলে গিয়ে লাশ উদ্ধার করে।

তিনি জানান, প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, দুই-তিনদিন অগে ওই নারীকে ধারালো অস্ত্র দিয়ে পরিকল্পিতভাবে হত্যার পর লাশটিকে ছয় টুকরো করা হয়েছে। এরপর লাশ গুম করার উদ্দেশ্যে পলিথিনে মুড়িয়ে তা ফেলে দেওয়া হয়। পরে সিটি কর্পোরেশনের ময়লাবাহী গাড়ির মাধ্যমে ময়লা-আবর্জনার সঙ্গে পলিথিনে মোড়ানো লাশের টুকরোগুলো বলিয়াপুরের ডাম্পিং জোনে চলে আসে।

পুলিশের এই কর্মকর্তা জানান, নিহতের পরিচয় জানার চেষ্টা চলছে। ময়নাতদন্তের জন্য লাশ রাজধানীর শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। এ ঘটনায় থানায় মামলার প্রস্তুতি চলছে।